

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর কার্যালয়  
দাকোপ, খুলনা।

স্মারক নং-উমাশিঅ/দাকোপ/খুলনা/২০২৪/৮

তারিখ: ১৪-০১-২০২৪ খ্রি.


“সভা আহ্বান”

উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট (UZGP) এর আওতায় নিম্ন-লিখিত আলোচ্যসূচী অবলম্বনে অত্র দাকোপ উপজেলার মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কীয় স্থায়ী কমিটির এক সভা আগামী ১১.০১.২০২৪ খ্রিঃ তারিখ রবিবার দুপুর ২.০০ টায় উপজেলা ভাইস চেয়ারম্যান গৌরপদ বাছাড়, দাকোপ, খুলনা এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

সম্মানিত সদস্যবৃন্দকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

- ১। উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট (UZGP) এর কর্মসূচী।
- ২। উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কীয় আলোচনা।
- ৩। বিনামূল্যে বই বিতরণ ও শিক্ষক প্রশিক্ষণ সংক্রান্ত।
- ৪। বিবিধ।

  
পরিতোষ কুমার আউলিয়া  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
দাকোপ, খুলনা।  
ও  
সদস্য সচিব  
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটি  
দাকোপ, খুলনা।

বিতরণঃ

- ১। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
- ২। চেয়ারম্যান, দাকোপ/লাউডোব/বাজুয়া ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
- ৩। অফিস নথি।

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটি জানুয়ারি-২০২৪ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	গৌরপদ বাছাড়, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
সভার তারিখ ও সময়	:	২১.০১.২০২৪ খ্রিঃ, বেলা-২.০০ টা।
সভার স্থান	:	উপজেলা ভাইস চেয়ারম্যান, দাকোপ, খুলনা এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' মোতাবেক।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত বিভিন্ন বিষয় তুলে ধরেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনাঃ (১)**

চেয়ারম্যান, দাকোপ ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা জানান যে, বর্তমান অর্থ বছরে উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট আওতাধীন স্কীমে মাধ্যমিক স্তরের শিক্ষা সহায়ক প্রকল্প না থাকায় বা নামমাত্র থাকায় মাধ্যমিক স্তরের শিক্ষার্থীরা বঞ্চিত হচ্ছে।

সিদ্ধান্তঃ

উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট আওতাধীন স্কীমে মাধ্যমিক স্তরের শিক্ষা সহায়ক প্রকল্পে আরও বরাদ্দের জন্য সুপারিশ করা হয় এবং চলমান স্কীমসমূহ বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনাঃ (২)**

চেয়ারম্যান, লাউডোব ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা জানান যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত সর্বশেষ কারিকুলাম অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল ও মাদ্রাসা) সকল শিক্ষকদের প্রশিক্ষণ এর প্রয়োজন সে মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ

সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল ও মাদ্রাসা) সকল শিক্ষকের প্রশিক্ষণ সমাপ্ত করা হয়েছে।

**আলোচনাঃ (৩)**

সদস্য সচিব জানান যে, ২০২৪ শিক্ষাবর্ষে প্রধান মন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর মাধ্যমে উপবৃত্তিধারী সকল শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা স্ব স্ব অনলাইন একাউন্টে পৌঁছে দেওয়া হয়েছে। প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক প্রায় ১০০% বইয়ের চাহিদা সম্পন্ন হয়েছে।


সিদ্ধান্তঃ

সভাপতি এই বিপুল পরিমাণ পাঠ্যপুস্তক গ্রহণ, সংরক্ষণ এবং সুষ্ঠুভাবে শিক্ষাপ্রতিষ্ঠানে বিতরণ সম্পন্ন করার জন্য সদস্য সচিব সহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সকল শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রদানের মত এই যুগান্তকারী কার্যক্রম বাস্তবায়নের জন্য বর্তমান সরকারের মাননীয় প্রধান মন্ত্রী ও মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

বিবিধঃ

সভায় সদস্য সচিব আরও জানান, উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের ২০২৪ সালের উপবৃত্তি প্রদান সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে এবং অন্যান্য দাপ্তরিক কাজ সঠিকভাবেই চলছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
গৌরপদ বাছাড়

উপজেলা ভাইস চেয়ারম্যান  
দাকোপ, খুলনা।

ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটি  
দাকোপ, খুলনা।

স্মারক নং-উমাশিঅ/দাকোপ/খুলনা/২০২৪/১২

বিতরণঃ

- ১। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
- ২। চেয়ারম্যান, দাকোপ/লাউডোব/বাজুয়া ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
- ৩। জনাব....., দাকোপ, খুলনা।
- ৪। অফিস নথি।

তারিখ: ২১-০১-২০২৪ খ্রি.

  
পরিতোষ কুমার আউলিয়া

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
দাকোপ, খুলনা।

ও

সদস্য সচিব

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটি